



পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে প্রতারণার দায়ে ৭ জন শ্রেফতার

প্রাথমিক স্কুল শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে প্রতারণার অভিযোগে পাবনা সদর থানা পুলিশ ৭ জনকে শ্রেফতার করেছে।

১৩ই জুন রাতে পুলিশ এক অভিযান চালিয়ে পাবনা পৌর এলাকার কয়েকজন ফটোস্ট্যাট ব্যবসায়ী ও প্রতারককে শ্রেফতার করেছে। শ্রেফতারকৃতরা হচ্ছে, গোলাম কিবরিয়া (৩০), সুজাউদ্দিন (২৪), উজ্জ্বল হোসেন (২৫), ফরিদ উদ্দিন (২৫), সোহেল রানা (২৫), রফিকুল ইসলাম (২৯) ও সাইফুল ইসলাম (২৮)। পুলিশ দু'টি ফটোস্ট্যাট মেশিনও আটক করেছে।

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার খবর ছড়িয়ে পড়লে ফটোস্ট্যাট মেশিনের দোকানে ভিড় হয়। ৩টি প্রশ্নপত্রের সেটই সেখানে পাওয়া যায়। হাতে লেখা প্রশ্নপত্রের সঙ্গে পরীক্ষা কেন্দ্রে সরবরাহ করা প্রশ্নপত্রের ছব্বহ মিল পাওয়া যায়। এসব প্রশ্নপত্র বিভিন্ন দামে বিক্রি হয়।